

২০১৮

বাংলা

(স্নাতকোত্তর)

পাঠপর্যায় — ১

Course No — BNG-104

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রক্সমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ-ক

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×২

১। 'এ সখি হামারি দুখের নাহি ওর'

— পাঠ্য এই পদটি অন্য কোন পদকর্তার ভণিতায় পাওয়া যায়? পদটির শেষ দুটি চরণ লেখো।

২। 'সই কেমনে ধরিব হিয়া'

— এই পদটির সদৃশ অন্য একটি পদের প্রথম পংক্তি পদকর্তার নামসহ লেখো।

(Turn Over)

৩। 'মনের মরম কথা তোমারে कहিয়ে এথা

শুন শুন পরাণের সহ'

— পদটি কোন পর্যায়ের? রবীন্দ্রনাথ তাঁর কোন গ্রন্থে পদটির সপ্রশংস ব্যাখ্যা করেছেন?

৪। 'চৈতন্যচরিতামৃতে' উল্লিখিত পরম ব্রহ্ম শ্রীকৃষ্ণের তিনটি শক্তি কী কী? এগুলির নামভেদ উল্লেখ করো।

৫। 'প্রেমবিলাসবিবর্ত'-র 'বিবর্ত' শব্দের দুটি অর্থ লেখো। অর্থ দুটি যে দুই তাত্ত্বিক দার্শনিকের দেওয়া, তাঁদের নাম লেখো।

৬। 'পহিলাহি রাগ নয়ন ভঙ্গ ভেল'

— চৈতন্যচরিতামৃতে উদ্ধৃত এই নীতিটিকে কে 'মাথুর' পর্যায়ের আর কে 'কলহাস্তরিতা' পর্যায়ের বলে উল্লেখ করেছেন?

৭। রামেশ্বরের শিবায়ন কাব্যটির নাম কী? কোথায় কত সালে তিনি কাব্যটি রচনা করেছিলেন?

৮। রামেশ্বরের শিবায়নকে কে কোন গ্রন্থে 'national poem of the medieval Bengal' বলে সিদ্ধান্ত করেছেন?

বিভাগ-খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৪

৯। 'তাতল সৈকত বারি বিন্দু সম'

— পদটিতে পদকর্তার যে স্বীকারোক্তি (confession) বিধৃত হয়েছে, তার স্বরূপ বর্ণনা করো।

১০। 'মনের মরম কথা তোমারে কহিয়ে হেথা'

— পদটিতে সংলক্ষ্য চিত্রধর্মিতার পরিচয় দাও।

১১। 'মন্দির বাহির কঠিন কবাট'

— পদটিতে অভিব্যক্ত নাট্যধর্মিতার পরিচয় দাও।

১২। 'বৈষ্ণবীয় 'পঞ্চরস' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৩। 'রাগাঙ্ঘিকা' ও 'রাগানুগা' ভক্তি কী? সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৪। 'নিজেদ্রিয় সুখ বাঞ্ছা নাহি গোপিকার।

কৃষ্ণে সুখ দিতে করে সঙ্গম বিহার।'

— প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

১৫। রামেশ্বরের 'শিবায়নে'র সপ্তম পালায় মহামায়ার সঙ্গে শিবের মাছ ধরার বৃত্তান্তের কৌতুককর বর্ণনায় কবির কৃতিত্ব বিচার করো।

১৬। রামেশ্বরের 'শিবায়ন' কাব্যে কবির লোকায়াত ভাষাভঙ্গী ও প্রবাদ প্রবচন ব্যবহার-প্রবণতার পরিচয় দাও।

বিভাগ-গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×৮

১৭। 'পিয়া যব আওব এ মঝু গেহে'

— পদটিতে অভিব্যক্ত রাধার কৃষ্ণ-প্রেমার্তির স্বরূপ বিশ্লেষণ করো।

১৮। 'চৈতন্যচরিতামৃত'-র আদিলীলা চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে চৈতন্যাবতারের কারণ ব্যাখ্যা করো।

১৯। 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে'

— পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

২০। রামেশ্বর তাঁর শিবায়ন কাব্যে পৌরাণিক ও লৌকিক ভাবনার সমন্বয় সাধনে কতদূর সফল হয়েছেন? বিচার করো।

অথবা

'শিবায়ন' কাব্যে বিধৃত হাস্যরস সম্পর্কে আলোচনা করো।